

রূপালী ব্যাংক-শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং ঘরে বসে উপবৃত্তির টাকা পাবেন মায়েরা

শেখ শাক্যাত হোসেন >

প্রাথমিক শিক্ষা উপবৃত্তির টাকা বিতরণের জন্য শিক্ষার্থীদের মায়েদের মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট খোলা শুরু হয়েছে। শিগগিরই কয়েকটি উপজেলায় মায়েদের মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্টে উপবৃত্তির টাকা পৌঁছে দেওয়া শুরু হবে। আশা করা হচ্ছে, ডিজিটাল এই কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
উপবৃত্তির টাকা বিতরণের জন্য গত জুনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে একটি চুক্তি করে

রূপালী ব্যাংক ও শিওরক্যাশ এই চুক্তির আওতায় মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট খোলার কাজ অনেক দূর এগিয়ে এনেছে। প্রতিদিন দুটি। সেবারটির উদ্বোধনের পর পর্যায়ক্রমে সারা দেশের প্রায় ৬০ হাজার বিদ্যালয়ের এক কোটি শিক্ষার্থীর উপবৃত্তির টাকা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে বিতরণ শুরু হবে। রূপালী ব্যাংক ও শিওরক্যাশের কর্মকর্তাদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে।
প্রাথমিক বিদ্যালয়ে ভর্তিতে উৎসাহ জোগানো এবং শিক্ষার্থীদের ধরে রাখার জন্য প্রাথমিক শিক্ষা

উপবৃত্তি চালু করেছে সরকার। সারা দেশে প্রায় ৬০ হাজার প্রাথমিক বিদ্যালয়ের এক কোটি ৩০ লাখ শিক্ষার্থী এই প্রকল্পের আওতায় উপবৃত্তি পাচ্ছে। সাধারণত তিন মাস পর পর শিক্ষার্থীদের মায়েদের হাতে এই উপবৃত্তির টাকা তুলে দেওয়া হয়। বর্তমানে বছরে এক হাজার ৪০০ কোটি টাকা প্রাথমিক শিক্ষা উপবৃত্তি দিচ্ছে সরকার।
আগে এই উপবৃত্তির টাকা তুলতে শিক্ষার্থীদের অভিভাবকদের উপবৃত্তি বিতরণ কেন্দ্রে যেতে হতো।

▶▶ পৃষ্ঠা ৮ ক.

ঘরে বসে উপবৃত্তির টাকা

▶▶ শেষ পৃষ্ঠার পর

এ জন্য অনেক দূর হাঁটেতে হতো মায়েদের। এতে কয়েক ঘণ্টা সময় লাগত। ব্যাংক কর্মকর্তাদের বুকি নিয়ে নগদ টাকা বহন করে প্রত্যন্ত গ্রামে যেতে হতো। অনেক সময় এই টাকা বিতরণের ক্ষেত্রে নানা ধরনের ত্রুটি-বিচ্যুতি এবং অনিয়মের অভিযোগ পাওয়া যেত।
সে কারণে এই উপবৃত্তি কার্যক্রম আরো দক্ষ এবং স্বচ্ছ করতে সরকার চলতি ২০১৬-১৭ অর্থবছর থেকে রূপালী ব্যাংক-শিওরক্যাশ মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রাথমিক শিক্ষা উপবৃত্তি বিতরণের সিদ্ধান্ত নিয়েছে। সারা দেশের বিদ্যালয়গুলোর সহায়তায় প্রায় এক কোটি শিক্ষার্থীর মায়েদের মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট খোলা হচ্ছে। এই অ্যাকাউন্টে সরকার ডিজিটাল পদ্ধতিতে সরাসরি উপবৃত্তির টাকা পাঠিয়ে দেবে। ফলে মায়েরা ঘরে বসেই উপবৃত্তির টাকা পেয়ে যাবেন। মোবাইল ব্যাংকিংয়ের এজেন্টের কাছে গিয়ে এই টাকা তুলে প্রয়োজন অনুযায়ী খরচ করতে পারবেন। সঞ্চয় করতে পারবেন। ছেলেমেয়েদের পড়ালেখার মান বাড়াতে খরচ করতে পারবেন।
জননেতাই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. গিয়াস উদ্দিন আহমেদ সম্প্রতি কালের কণ্ঠকে বলেন, 'এই সেবা চালুর ফলে উপবৃত্তির টাকা বিতরণে স্বচ্ছতা আসবে। পাশাপাশি প্রতিটি বিদ্যালয়ে কতজন শিক্ষার্থী রয়েছে তার সঠিক চিত্র ফুটে উঠবে। এর ভিত্তিতে আমরা প্রাথমিক বিদ্যালয়ের

শিক্ষার্থীদের একটি তথ্যভান্ডার তৈরি করতে পারব। এতে প্রতিবছর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বই ছাপানোর জন্য অতিরিক্ত যে টাকা খরচ হচ্ছে তা কমে আসবে। এই অতিরিক্ত খরচ প্রায় ৫০ কোটি টাকা। রূপালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. আতাউর রহমান প্রধান বলেন, 'দেশের প্রান্তিক জনগণের কাছে আর্থিক সেবা পৌঁছে দেওয়া এবং ঘরে বসে সহজে লেনদেনের সুবিধার জন্য আমরা মোবাইল ব্যাংকিং চালু করেছি। উপবৃত্তির টাকা তোলা ছাড়াও মায়েরা এই ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে টাকা জমানোসহ অন্যান্য লেনদেন করতে খান বলেন, রূপালী ব্যাংক-শিওরক্যাশ পেমেন্ট প্ল্যাটফর্ম সফটওয়্যার পুরোপুরি বাংলাদেশে প্রস্তুত, যা এ দেশের জন্য এ দেশের মেধাবী তরুণ-তরুনীরা তৈরি করেছে।
উল্লেখ্য, রাষ্ট্রীয় মালিকানাধীন মোবাইল অপারেটর টেলিটক এ কার্যক্রম বাস্তবায়নে অংশগ্রহণ করেছে এবং যে সব মায়েরা মোবাইল ফোন নেই তাঁদের বিনা মূল্যে মোবাইল সিম পৌঁছে দিচ্ছে। মাসে ২০ টাকা ফ্রি টকটাইম দিচ্ছে।
জানা গেছে, শিগগিরই টুঙ্গিপাড়া, পীরগঞ্জ ও পার্বতীপুরসহ কয়েকটি উপজেলায় রূপালী ব্যাংক-শিওরক্যাশের মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে মায়েদের ব্যাংক অ্যাকাউন্টে উপবৃত্তির টাকা পৌঁছে দেওয়া শুরু হবে। প্রধানমন্ত্রী এই সেবার উদ্বোধন করবেন বলে সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে।